14

তারিখ 2 0 MAR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

দৈনিক খবর

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ঃ

# আজ ১৬ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেবে

।। স্টাফ রিপোর্টার ।।

আজ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ-সম্মান শ্রেণীতে ভর্তির জন্য 'ঘ' ইউনিটে ১৬ হাজার ৬৪ জন ছাত্র ভর্তি পরীক্ষায় অংশ নেবে। জানা গেছে, 'ঘ' ইউনিটে সাড়ে সাতশ' সিটের জন্য পরীক্ষার্থীরা অংশগ্রহণ করবে।

স্থান সংকুলান না হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে বিভিন্ন কলেজে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার রোল নাম্বার জানার জন্য গতকাল ছাত্র-ছাত্রীদের প্রচুর ভিড় পরিলক্ষিত হয়েছে। ভিড়ের মধ্যে গতকাল একজন ছাত্র অজ্ঞান হবার খবর পাওয়া গেছে। তবে তার নাম জানা যায়নি। আগামী ২৮শে মার্চ পর্যন্ত ভর্তির জন্য অন্য তিনটি ইউনিটের পরীক্ষা চলবে।